



বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

আগারগাঁও, শেরেবাংলা নগর

ঢাকা-১২০৭

www.bteb.gov.bd



স্মারক নং- ৫৭.১৭.০০০০.২০৫.১৯.০০২.১৮-৫৮

তারিখঃ ০৯/০৮/২০১৮খ্রি.

বিজ্ঞপ্তি

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে ডিপ্লোমা-ইন-এগ্রিকালচার এবং ডিপ্লোমা-ইন-ফিসারিজ শিক্ষাক্রমে ৩য়, ৫ম ও ৭ম পর্বে অধ্যয়নরত বদলি ইচ্ছুক শিক্ষার্থীদের আবেদন ৩০-০৮-২০১৮ খ্রি. তারিখের মধ্যে নিজ প্রতিষ্ঠানের অধ্যক্ষের সুপারিশসহ যে প্রতিষ্ঠানে বদলী হতে চায় সেই প্রতিষ্ঠানের অধ্যক্ষের নিকট জমা দিতে হবে। গ্রহণকারী প্রতিষ্ঠান প্রধান আসন খালি থাকার সাপেক্ষে সুপারিশসহ তাঁর প্রতিষ্ঠানে ভর্তিযোগ্য আবেদনগুলো নির্ধারিত ছকে একসাথে বদলির সাধারণ নীতিমালা অনুসরণপূর্বক পরিচালক (কারিকুলাম) বরাবরে প্রেরণ করবেন। **নির্ধারিত তারিখের পরে প্রাপ্ত এবং অসম্পূর্ণ আবেদন গ্রহণযোগ্য হবে না।**

নির্ধারিত ছকঃ

ক্রঃ নং ঃ	শিক্ষার্থীর নাম	টেকনোলজি (কৃষি/মৎস্য)	রোল নম্বর	রেজিস্ট্রেশন নম্বর	পর্ব	সেশন	মোট আসন সংখ্যা	বিদ্যমান শিক্ষার্থী সংখ্যা	শূন্য আসন সংখ্যা	ছাড়পত্র প্রদানকারী প্রতিষ্ঠানের নাম ও কোড	গ্রহণকারী প্রতিষ্ঠানের নাম ও কোড

বদলির সাধারণ নীতিমালাঃ

- শিক্ষার্থী বদলির ক্ষেত্রে টেকনোলজি ও প্রবিধানের মিল থাকতে হবে।
- কোন অকৃতকার্য বা রেফার্ড প্রাপ্ত শিক্ষার্থী বদলি হতে পারবে না।
- কেবল মাত্র ৩য়, ৫ম ও ৭ম পর্বের শিক্ষার্থী পর্বের শুরুতে নির্ধারিত তারিখের মধ্যে বদলির আবেদন করতে পারবে।
- সরকারি প্রতিষ্ঠানের শিক্ষার্থী কেবলমাত্র সরকারি প্রতিষ্ঠানে এবং বেসরকারি প্রতিষ্ঠানের শিক্ষার্থী কেবলমাত্র বেসরকারি প্রতিষ্ঠানে বদলি হওয়ার সুযোগ পাবে।
- বদলীর আবেদনপত্রে অভিভাবকের স্বাক্ষর এবং গ্রহণকারী ও ছাড়পত্র প্রদানকারী প্রতিষ্ঠানের অধ্যক্ষের প্রতিস্বাক্ষর থাকতে হবে।
- আবেদনপত্রের সাথে রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত ফটোকপি, যে পর্বে বদলি হতে ইচ্ছুক তার পূর্ববর্তী পর্বের প্রবেশপত্রের সত্যায়িত ফটোকপি, পূর্ববর্তী পর্ব/পর্বসমূহের নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি এবং বদলির জন্য জনপ্রতি ৩২৫/- (তিনশত পঁচিশ) টাকা হারে সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড-এর অনুকূলে নির্ধারিত ব্যাংকে জমা প্রদানের রশিদ সংযুক্ত করতে হবে।
- শিক্ষার্থীর সংখ্যা ০৫ জনের বেশী হলে সফটকপি ওয়ার্ড ফাইলে (সিডি) করে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

স্বাক্ষরিত

(মো: আক্তারউজ্জামান)


পরিচালক (কারিকুলাম)

স্মারক নং- ৫৭.১৭.০০০০.২০৫.১৯.০০২.১৮-৫৮(২০২)

তারিখঃ ০৯/০৮/২০১৮খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হল।

- ১। মহাপরিচালক কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ২। সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৩। পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৪। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৫। উপ-সচিব(রেজিস্ট্রেশন) বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৬-২০০। অধ্যক্ষ.....।
- ২০১। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ২০২। নথি।


(কৃষিবিদ মোঃ মোস্তফা কামাল)

কারিকুলাম বিশেষজ্ঞ (কৃষি)

ফোন: ০২-৯১২৪৫০৭

ইমেইলঃ bteb.agri@gmail.com

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭
www.bteb.gov.bd



স্মারক নংঃ ৫৭.১৭.০০০০.২০৫.১৯.০০২.১৭-৫৯

তারিখঃ ০৯/০৮/২০১৮খ্রিঃ

বিজ্ঞপ্তি

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ডিপ্লোমা-ইন-এগ্রিকালচার এবং ডিপ্লোমা-ইন-ফিসারিজ শিক্ষাক্রমের ৩য়, ৫ম ও ৭ম পর্বে পুনঃভর্তি হতে ইচ্ছুক শিক্ষার্থীদের তালিকা আবশ্যিকভাবে ৩০/০৮/২০১৮ খ্রি. তারিখের মধ্যে নির্ধারিত ছকে সংশ্লিষ্ট অধ্যক্ষের দপ্তর হতে বাহক মারফত পরিচালক (কারিকুলাম) বরাবরে প্রেরণ করতে হবে। ৩০/০৮/২০১৮ তারিখের পরে কোন আবেদন জমা নেয়া হবে না।

নির্ধারিত ছকঃ

ক্রঃ নং ০৪	শিক্ষা প্রতিষ্ঠানের কোড	শিক্ষা প্রতিষ্ঠানের নাম	শিক্ষার্থীর নাম	টেকনোলজি (কৃষি/মৎস্য)	রোল নং	রেজিস্ট্রেশন নং	পর্ব	সেশন	যে প্রবিধানের আওতাধীন ভর্তি হয়েছে তার নাম

পুনঃভর্তির সাধারণ নিয়মাবলীঃ

- ১। পুনঃভর্তির আবেদনের সাথে পূর্ববর্তী পর্বের প্রবেশপত্র, নম্বরপত্র ও রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে।
- ২। সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড বরাবরে বোর্ড নির্ধারিত ব্যাংকে প্রতি শিক্ষার্থীদের জন্য ২০০/- টাকা হারে জমা প্রদানের রশিদ আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।
- ৩। শিক্ষার্থীর সংখ্যা ০৫ জনের বেশী হলে সফটকপি ওয়ার্ড ফাইলে (সিডি) করে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

স্বাক্ষরিত

(মোঃ আক্তারউজ্জামান)
পরিচালক (কারিকুলাম)
ফোন: ০২-৯১৪০৬৪৬

স্মারক নংঃ ৫৭.১৭.০০০০.২০৫.১৯.০০২.১৭-৫৯(২০৩)

তারিখঃ ০৯/০৮/২০১৮খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ২। সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৩। পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৪-২০০। অধ্যক্ষ.....।
- ২০১। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। (বিজ্ঞপ্তিট জরুরী ভিত্তিতে ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ জানানো হলো)।
- ২০২। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ২০৩। নথি।

(Handwritten Signature)

(কৃষিবিদ মোঃ মোস্তফা কামাল)
কারিকুলাম বিশেষজ্ঞ (কৃষি)
ফোন: ০২-৯১২৪৫০৭

ইমেইলঃ bteb.agri@gmail.com

